PG Odd Semester (CBCS) Exam., December—2018

BENGALI

(1st Semester)

Course No. : BNGCC–103

(সাহিত্যতত্ত্ব)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। ট্র্যাজেডির অ্যারিস্টটলকৃত সংজ্ঞাটি লিপিবদ্ধ করো। এই সংজ্ঞাটির ব্যাখ্যাসূত্রে ট্র্যাজেডির শিল্পরূপের পরিচয় দাও। ২+১২=১৪

২। ট্র্যাজেডির ছয়টি অঙ্গ কী কী? ষড়ঙ্গের আপেক্ষিক গুরুত্বর বিষয়ে অ্যারিষ্টটলের অভিমত পর্যালোচনা করো। ৩+১১=১৪

খ—গুচ্ছ

৩। আলংকারিক পরিভাষায় ধ্বনির সংজ্ঞা-স্বরূপ নির্ণয় করো। পূর্বসূরির বিভিন্ন মতবাদকে গ্রহণ-বর্জনের মধ্য দিয়ে আত্মীকৃত করে ধ্বনিবাদের প্রতিষ্ঠার ইতিহাস লিপিবদ্ধ করো। ৪+১০=১৪

৪। নিম্নলিখিত যে-কোন **দুটি** বিষয়ে আলোকপাত করো : ৭×২=১৪

(ক) বিভাবানুভাব ব্যভিচারি সংযোগাদ্ রসনিষ্পত্তিঃ

(খ) ঔচিত্যং রসসিদ্ধস্য স্থিরং কাব্যস্য জীবিতম্।

(গ) অভিনবগুপ্ত, বিশ্বনাথ কবিরাজ

গ—গুচ্ছ

৫। 'সাহিত্যের পথে' প্রবন্ধগ্রন্থে রবীন্দ্রনাথ পত্রাকারে যে ভূমিকাটি লেখেন তা কাকে উদ্দেশ্য করে এবং কখন লেখা হয়? ''সাহিত্যের প্রকাশ হল সত্যের প্রকাশ। আর সত্যের প্রকাশ বলেই সাহিত্য বিশুদ্ধ আনন্দ সৃষ্টির কারণ।'' 'সাহিত্যের পথে' প্রবন্ধ-গ্রন্থ অবলম্বনে আলোচনা করো। ১+১+১২=১৪

৬। রবীন্দ্রনাথের সাহিত্যবিষয়ক তিনটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো। ''সৌন্দর্য মূর্তিই মঙ্গলের পূর্ণ মূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণ স্বরূপ।'' প্রাসঙ্গিক প্রবন্ধ আলোচনা-পূর্বক বক্তব্যটি বিশদ করো। ৩+১১=১৪

ঘ—গুচ্ছ

৭। ক্লাসিসিজম ও রোমান্টিসিজমের পার্থক্য নির্ণয় করো। শ্রেষ্ঠ সাহিত্য একই সঙ্গে ক্লাসিক ও রোমান্টিক—আলোচনা করো।
৯+৫=১৪

৮। বাস্তববাদ বলতে কী বোঝ? বাস্তববাদের বিভিন্ন ধারাগুলি কী কী? তোমার পঠিত যে কোনো একটি উপন্যাস বাস্তববাদের নিরিখে আলোচনা করো। ২+৩+৯=১৪

ঙ—গুচ্ছ

৯। দুজন নারীচেতনাবাদী তাত্ত্বিকের এবং তাঁদের একটি করে গ্রন্থের উল্লেখ করো। ''পিতৃতান্ত্রিক আধিপত্যবাদের বিরুদ্ধে নিরবচ্ছিন্ন সংগ্রামের প্রক্রিয়াই হচ্ছে নারীচেতনাবাদ।'' পর্যালোচনা করো।
২+২+১০=১৪

১০। মিখায়েল বাখতিনের পুরো নাম কী? দুজন বাখতিন-বিশেষজ্ঞের নাম লেখো। ''কোনো কিছুই বিচ্ছিন্ন একক হয়ে তাৎপর্যবহ নয়, সম্পূর্ণ নয় কখনো।'' এই উক্তির আলোকে দ্বিবাচনিকতা নামক ভাবনার স্বরূপ বিশ্লেষণ করো। ১+২+১১=১৪

★★★